গণ-প্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপ-সহকারী প্রকৌশলীর কার্যালয়,জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর
দামুড়হুদা উপজেলা, চুয়াডাঙ্গা ।
dphedamurhuda18@gmail.com

উন্নয়নের গণতন্ত্র
শেখ হাসিনার মূলমন্ত্র

# নোটিশ

**বিষয় ঃ জনস্বাস্থ্য, স্যানিটেশন ও বিশুদ্ধ পানি সরবরাহ কমিটির সভায় অংশ গ্রহন প্রসংগে।**

জনস্বাস্থ্য, স্যানিটেশন ও বিশুদ্ধ পানি সরবরাহ কমিটির সম্মানীত সকল সদস্যের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, উক্ত কমিটির ৪১নং সভা আগামী ১০/০৭/২০২৩ খ্রিঃ তারিখ সকাল ১১:০০ ঘটিকায় সভাপতির অফিস কক্ষে অনুষ্ঠিত হবে।

সভায় সভাপতিত্ব করবেন জনাব মোছাঃ সাহিদা খাতুন, মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, দামুড়হুদা উপজেলা, চুয়াডাঙ্গা।

নির্ধারিত তারিখ ও সময়ে কমিটির সম্মানীত সকল সদস্যকে উপস্থিত হওয়ার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

আলোচ্য সূচী ঃ

১। গত সভার কার্যবিবরণী দৃঢ়করণ।
২। সকল ইউনিয়নকে ১০০% স্যানিটেশন কভারেজ অর্জনে করনীয়।
৩। **"সমগ্র দেশে নিরাপদ পানি সরবরাহ প্রকল্প"** শীর্ষক প্রকল্পের আওতায় ২০২২-২০২৩ অর্থবছরে দামুড়হুদা উপজেলায় নলকূপের কাজ শুরু প্রসঙ্গে।
৪। **"সমগ্র দেশে নিরাপদ পানি সরবরাহ প্রকল্প"** শীর্ষক প্রকল্পের আওতায় ২০২১-২০২২ অর্থবছরে দামুড়হুদা উপজেলায় কামিউনিটি বেজসড ভিত্তিক নলকূপের কাজ শুরু প্রসঙ্গে।
৫। **"সমগ্র দেশে নিরাপদ পানি সরবরাহ প্রকল্প"** শীর্ষক প্রকল্পের আওতায় ২০২১-২০২২ অর্থবছরে দামুড়হুদা উপজেলায় রুরাল পাইপড ওয়াটার সাপ্লাই কাজ শুরু প্রসঙ্গে।
৬। বিবিধ।

০৬/০৭/২৩
(মোঃ রফিকুল ইসলাম)
উপ-সহকারী প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর
দামুড়হুদা উপজেলা,চুয়াডাঙ্গা ।
ও
সদস্য-সচিব, জনস্বাস্থ্য, স্যানিটেশন ও বিশুদ্ধ পানি সরবরাহ কমিটি।

প্রাপক ঃ
চেয়ারম্যান
জুড়ানপুর, কার্পাসডাঙ্গা, দামুড়হুদা ইউনিয়ন পরিষদ, দামুড়হুদা, চুয়াডাঙ্গা।

**স্মারক নংঃ ৪৬.২০৩.১৮৩১.৪০১.০৬.০২৫.২১-৭**

**তারিখ ঃ ০৩/ ০৭ /২০২৩ খ্রিঃ**

অনুলিপি সদয় অবগতির জন্য প্রেরণ করা হল ঃ
১। চেয়ারম্যান, উপজেলা পরিষদ,দামুড়হুদা, চুয়াডাঙ্গা।
২। উপজেলা নির্বাহী অফিসার, দামুড়হুদা, চুয়াডাঙ্গা।
৩। ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ,দামুড়হুদা, চুয়াডাঙ্গা।
৪। চেয়ারম্যান, জুড়ানপুর ইউনিয়ন পরিষদ, দামুড়হুদা, চুয়াডাঙ্গা।
৫। চেয়ারম্যান, কার্পাসডাঙ্গা ইউনিয়ন পরিষদ, দামুড়হুদা, চুয়াডাঙ্গা।
৬। চেয়ারম্যান, দামুড়হুদা ইউনিয়ন পরিষদ, দামুড়হুদা, চুয়াডাঙ্গা।
৭। অফিস নথি।

০৬/০৭/২৩
(মোঃ রফিকুল ইসলাম)
উপ-সহকারী প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর
দামুড়হুদা উপজেলা,চুয়াডাঙ্গা ।
ও
সদস্য-সচিব, জনস্বাস্থ্য, স্যানিটেশন ও বিশুদ্ধ পানি সরবরাহ কমিটি।

CamScanner

# উপজেলা পরিষদের "জনস্বাস্থ্য, স্যানিটেশন ও বিশুদ্ধ পানি সরবরাহ" কমিটির সভার
# জুলাই/২০২৩ মাসের সভার কার্যবিবরণী ঃ

সভাপতি ঃ জনাব মোছাঃ সাহিদা খাতুন
মহিলা ভাইস চেয়ারম্যান
উপজেলা পরিষদ, দামুড়হুদা, চুয়াডাঙ্গা।

স্থান ঃ সভাপতির অফিস কক্ষ ।
অধিবেশন নং-৪১
তারিখ ও সময় ঃ ১০-০৭-২০২৩ খ্রিঃ , সময় : সকাল: ১১:০০ ঘটিকা।

**উপস্থিত সদস্যগণের তালিকা: পরিশিষ্ট -"ক"**

সভাপতি উপস্থিত সদস্যবৃন্দকে স্বাগত জানিয়ে সভা শুরু করেন। আলোচ্যসূচি অনুযায়ী সভার বিষয়বস্তু উপস্থাপনের জন্য কমিটির সদস্য সচিব জনাব মোঃ রফিকুল ইসলাম , উপ-সহকারী প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, দামুড়হুদাকে অনুরোধ জানানো হয়।

ক) উপজেলা পরিষদের অর্থায়নে জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তরের মাধ্যমে উপজেলার অসহায় দরিদ্র জনগণের মধ্যে স্বাস্থ্য সম্মত স্যানিটারি ল্যাট্রিন ও নিরাপদ পানি সরবরাহের লক্ষ্যে নলকূপ স্থাপন করার জন্য একটি প্রকল্প গ্রহন করা হলে সাধারণ জনগণের স্যানিটেশন ব্যবস্থা আরো উন্নত হবে এবং নিরাপদ পানি লাভ করতে পারবে। এতে করে জীবন যাত্রার মান আরো উন্নত হবে এবং এসডিজি'র লক্ষ্য অর্জনে আমরা সক্ষম হবো।

খ) উপ-সহকারী প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, দামুড়হুদা, চুয়াডাঙ্গা সভায় জানান যে, ২০২২-২০২৩ ইং অর্থবছরে "সমগ্র দেশে নিরাপদ পানি সরবরাহ " প্রকল্পের আওতায় দামুড়হুদা উপজেলায় ২০৮টি গভীর /অগভীর তারা নলকূপ/পানির উৎসের বরাদ্দ পাওয়া গিয়েছে। কাজ ইতিমধ্যে শুরু হয়ে গেছে।

গ) উপ-সহকারী প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, দামুড়হুদা, চুয়াডাঙ্গা সভায় জানান যে, ২০২১-২০২২ অর্থ বছরে **"পানি সরবরাহে আর্সেনিক ঝুঁকি নিরসন প্রকল্প"** শীর্ষক প্রকল্পের আওতায় ২০২১-২০২২ অর্থবছরে দামুড়হুদা উপজেলায় আর্সেনিক স্ক্রিনিং কাজ চলমান। আর্সেনিক টেস্টাররা স্বতঃস্ফুর্ত ভাবে কাজ করছে।

ঘ) উপ-সহকারী প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, দামুড়হুদা, চুয়াডাঙ্গা সভায় জানান যে, ২০২১-২০২২ ইং অর্থবছরে "সমগ্র দেশে নিরাপদ পানি সরবরাহ " প্রকল্পের আওতায় দামুড়হুদা উপজেলায় ১৮টি কামিউনিটি বেজসড ভিত্তিক গভীর নলকূপের বরাদ্দ পাওয়া গিয়েছে। কাজ চলমান।

ঙ) উপ-সহকারী প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, দামুড়হুদা, চুয়াডাঙ্গা সভায় জানান যে, ২০২১-২০২২ ইং অর্থবছরে "সমগ্র দেশে নিরাপদ পানি সরবরাহ " প্রকল্পের আওতায় দামুড়হুদা উপজেলায় রুরাল পাইপড ওয়াটার সাপ্লাই কাজের টেন্ডার প্রক্রিয়া সম্পন্ন হয়েছে। কাজ শুরু হয়ে গেছে।

চ) উপ-সহকারী প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, দামুড়হুদা, চুয়াডাঙ্গা সভায় জানান যে, মুজিব শতবর্ষ উপলক্ষ্যে ভূমিহীন ও গৃহহীন পরিবারের জন্য নির্মিত ঘরে নলকূপ স্থাপনের জন্য ২য় পর্যায়ে ০৭ টি অগভীর তারা নলকূপের বরাদ্দ পাওয়া গেছে। কাজ ইতোমধ্যে শেষ হয়েছে ।

আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি সদস্যগণকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষনা করেন।

(মোছাঃ সাহিদা খাতুন)
সভাপতি
জনস্বাস্থ্য, স্যানিটেশন ও বিশুদ্ধ পানি সরবরাহ কমিটি
ও
উপজেলা মহিলা ভাইস চেয়ারম্যান
দামুড়হুদা, চুয়াডাঙ্গা।

পরিশিষ্ট "ক" (স্বাক্ষরের ক্রমানুসারে) ঃ
১। জনাব মোছাঃ সাহিদা খাতুন, উপজেলা মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, দামুড়হুদা, চুয়াডাঙ্গা।
২। জনাব মোঃ হযরত আলী, চেয়ারম্যান, দামুড়হুদা ইউনিয়ন পরিষদ, দামুড়হুদা, চুয়াডাঙ্গা।
৩। জনাব মোঃ আব্দুল করিম, চেয়ারম্যান, কার্পাসডাঙ্গা ইউনিয়ন পরিষদ, দামুড়হুদা, চুয়াডাঙ্গা।
৪। জনাব মোঃ সোহরাব হোসেন, চেয়ারম্যান, জুড়ানপুর ইউনিয়ন পরিষদ, দামুড়হুদা, চুয়াডাঙ্গা।

CamScanner

গণ-প্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সহকারী প্রকৌশলীর কার্যালয়,জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর
দামুড়হুদা উপজেলা, চুয়াডাঙ্গা ।
dphedamurhuda18@gmail.com

উন্নয়নের গণতন্ত্র
শেখ হাসিনার মূলমন্ত্র

স্মারক নংঃ ৪৬.২০৩.১৮৩১.৪০১.০৬.০২৫.২১-১৭ তারিখ ঃ ১০/ ০৭ /২০২৩ খ্রিঃ

অনুলিপি সদয় অবগতির জন্য প্রেরণ করা হল ঃ

১। চেয়ারম্যান, উপজেলা পরিষদ,দামুড়হুদা, চুয়াডাঙ্গা।
২। উপজেলা নির্বাহী অফিসার, দামুড়হুদা, চুয়াডাঙ্গা।
৩। ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ,দামুড়হুদা, চুয়াডাঙ্গা।
৪। চেয়ারম্যান, জুড়ানপুর ইউনিয়ন পরিষদ, দামুড়হুদা, চুয়াডাঙ্গা।
৫। চেয়ারম্যান, কার্পাসডাঙ্গা ইউনিয়ন পরিষদ, দামুড়হুদা, চুয়াডাঙ্গা।
৬। চেয়ারম্যান, দামুড়হুদা ইউনিয়ন পরিষদ, দামুড়হুদা, চুয়াডাঙ্গা।
৭। অফিস নথি।

১০/০৭/২৩

(মোঃ রফিকুল ইসলাম)
উপ-সহকারী প্রকৌশলী
জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, দামুড়হুদা উপজেলা, চুয়াডাঙ্গা ।
ও
সদস্য-সচিব, জনস্বাস্থ্য, স্যানিটেশন ও বিশুদ্ধ পানি সরবরাহ কমিটি।

CamScanner